

আইনানুযায়ী পণ্যাগারে
রক্ষিত কাঁচামাল পণ্য প্রস্তুত করণে
ব্যবহারের জন্য কি বিধান আছে ?

দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ৯৫ অনুযায়ী বিধিমালা সাপেক্ষে ওয়ার হাউজজাত পণ্যের মালিক কমিশনার (বন্ড) অথবা বোর্ড কর্তৃক ক্ষমতা প্রাপ্ত অপর কোন কমিশনারকে ১৫ (পনের) দিন পূর্বে লিখিতভাবে নোটিশ প্রদান পূর্বক পণ্যাগারের পণ্য উৎপাদনে ব্যবহার করতে পারবেন। উক্ত কার্যক্রম পরিচালনায় যদি কোন অবচয় বা বর্জ্য হয় তবে যদি উৎপাদিত পণ্য সম্পূর্ণ বা আংশিক রপ্তানি হয় সে ক্ষেত্রে রপ্তানিকৃত পণ্য প্রক্রিয়া করেন যে অবচয় বা বর্জ্য হয়েছে উহার উপর কোন শুল্ক আরোপ করা যাবে না। এ বিষয়ে শর্তারোপ আছে উক্ত বর্জ্য ধ্বংস করতে হবে নতুবা আমদানি পণ্য হিসাবে শুল্ক কর পরিশোধ করতে হবে। অপর দিকে যদি উৎপাদিত পণ্যের অংশ বা সম্পূর্ণ Home Consumption এর সরবরাহ করা হয় তবে এই অবচয় ও বর্জ্যের উপর শুল্ক ও অন্যান্য কর আরোপ করা যাবে (সূত্রঃ দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ৯৫)।